

া বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩৩৩

পর্ব - ১২ ঃ খাদ্য (كتاب الاطعمة)

পরিচ্ছেদঃ ১. শিকার ও যবহকৃত জন্তু - ধারালো এবং জখম করা যায় এমন অস্ত্র দ্বারা শিকার করা

আরবী

وَعَنْ عَدِيِّ بِنِ حَاتِمٍ _ رضي الله عنه _ قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «إِذَا أَرْسَلْتَ كَلْبَكَ فَاذْكُرِ اسْمَ اللَّهِ, فَإِنْ أَمْسكَ عَلَيْكَ فَأَدْركْتَهُ حَيًّا فَاذْبَحْهُ, وَإِنْ وَجَدْتَ مَعَ كَلْبِكَ كَلْبًا غَيْرَهُ وَقَدْ قُتِلَ فَلَا تَأْكُلْ، فَإِنْ وَجَدْتَ مَعَ كَلْبِكَ كَلْبًا غَيْرَهُ وَقَدْ قُتِلَ فَلَا تَأْكُلْ، فَإِنَّ وَجَدْتَ مَعَ كَلْبِكَ كَلْبًا غَيْرَهُ وَقَدْ قُتِلَ فَلَا تَأْكُلْ، فَإِنْ وَجَدْتَ مَعَ كَلْبِكَ كَلْبًا غَيْرَهُ وَقَدْ قُتِلَ فَلَا تَأْكُلْ، فَإِنْ وَجَدْتَهُ فَاذْكُرِ اسْمَ اللَّهِ, فَإِنْ غَابَ عَنْكَ يَوْمًا, فَلَمْ تَجِدْ فِيهِ إِلَّا أَثَرَ سَهُمِكَ, فَكُلْ إِنْ شِئْتَ, وَإِنْ وَجَدْتَهُ غَرِيقًا فِي الْمَاءِ, فَلَا تَأْكُلْ». مُتَّفَقُ عَلَيْهِ, وَهَذَا لَفْظُ مُسْلِمٍ

صحيح رواه البخاري (5484)، ومسلم (1929) (6)

বাংলা

১৩৩৩। 'আদী ইবনু হাতিম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন, তুমি যদি তোমার কুকুরকে শিকার ধরার জন্য পাঠাবে বিসমিল্লাহ বলে পাঠাবে, যদি সে শিকারকে তোমার জন্য রেখে দেয় এবং তুমি তা জীবিত পাও তবে জবাই করবে। আর যদি তুমি দেখা যে, কুকুর তার শিকারকে মেরে ফেলেছে কিন্তু সে তা হতে কিছু খায়নি, তবে তুমি তা খেতে পার। আর যদি তুমি তোমার কুকুরের সাথে অন্য কুকুর দেখতে পাও এবং সেগুলো শিকার ধরে মেরে ফেলে, তা হলে তা খাবে না। কেননা, তুমি তো জান না যে, কোন কুকুরটি হত্যা করেছে? আর যদি তুমি শিকারের প্রতি তীর নিক্ষেপ কর তখন বিসমিল্লাহ বলবে। এরপর তা একদিন বা দু'দিন পর এমন অবস্থায় হাতে পাও যে, তার গায়ে তোমার তীরের আঘাত ব্যতীত অন্য কিছু নেই, তাহলে খাও। আর যদি তা পানির মধ্যে পড়ে থাকে, তা হলে তা খাবে না।[1]

English



'Adi bin Hatim (RAA) narrated, 'The Messenger of Allah (ﷺ) said to me, "When you set off your dog, mention Allah's Name (Say Bismillah), and if it catched anything for you and come up to it while it is still alive slaughter it; if you come up to it when the dog has killed it but not eaten any of it, eat it. If you find another dog with yours and the game has been killed, do not eat, for you do not know which of them killed the animal. When you shoot your arrow, mention Allah's Name and if the game goes out of sight for a day and you find it without any marks except for that arrow, eat if you wish, but if you find it drowned in water do not eat it." Agreed upon, and the wording is from Muslim.

ফুটনোট

[1] বুখারী ১৭৫, ২০৫৪, ৫৪৭৫, ৫৪৭৭, ৫৪৮৩, মুসলিম ১৯২৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন